




মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)
মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।

মধ্যপাড়া খনির উৎপাদিত Boulder, Crushed Stone aggregates BUET কর্তৃক পরীক্ষিত : Compressive Strength= 4690 PSI, Loose density= 1360 kg/m³, Compact density= 1500 kg/m³, water absorption=0.12%.

সিএন্ডএফ এজেন্ট এবং পরিবহন ঠিকাদার নিয়োগের দরপত্র বিজ্ঞপ্তি

১।	মন্ত্রণালয়/বিভাগ	বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়/জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ।
২।	সংস্থা	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩।	প্রকিউরিং এনটিটি	মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড (এমজিএমসিএল)।
৪।	দরপত্রের উদ্দেশ্য (ক) সিএন্ডএফ এজেন্ট নিয়োগ (খ) পরিবহন ঠিকাদার নিয়োগ	(ক) আন্তর্জাতিক বিমানবন্দর, বেনাপোল স্থলবন্দর এবং চট্টগ্রাম সমুদ্রবন্দর হতে আমদানীকৃত মালামাল খালাসের জন্য সিএন্ডএফ এজেন্ট নিয়োগ। (খ) চট্টগ্রাম সমুদ্র বন্দর, হযরত শাহ জালাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং বেনাপোলসহ অন্যান্য স্থল বন্দর হতে কোম্পানীর মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড পর্যন্ত শিলা উৎপাদনে ব্যবহৃত বিস্ফোরক দ্রব্য, অ্যামোনিয়াম নাইট্রেট ও স্পেসার পাটস, কনজ্যুমেবলসহ অন্যান্য মালামাল পরিবহন এবং লোডিং/আনলোডিং ইত্যাদি কাজসহ বাংলাদেশের যে কোন স্থানে অবস্থিত কোম্পানীর ভার/ওপেন ইয়ার্ড/কোম্পানীর অধীনস্থ প্রকল্প সাইট, কোম্পানী অথবা কোম্পানীর এক কার্যালয় হতে অন্য কার্যালয়ে সুষ্ঠু ও অক্ষত অবস্থায় স্থানান্তর কাজের জন্য পরিবহন ঠিকাদার নিয়োগ।
৫।	ফান্ডের উৎস	কোম্পানীর নিজস্ব ফান্ড।
৬।	দরপত্রের নম্বর ও তারিখ	(ক) শিলা/ক্রয়/১০০.১৩ (সিএন্ডএফ)/২০১৬/৪৮৯, তারিখঃ ০২-০৬-২০১৬ (খ) শিলা/ক্রয়/১০০.১২ (পরিবহন)/২০১৬/৪৯০, তারিখঃ ০২-০৬-২০১৬
৭।	সিএন্ডএফ এজেন্ট এবং পরিবহন ঠিকাদার নিয়োগের মেয়াদ	সফলকাম দরপত্রদাতার সাথে প্রথমে ০১ (এক) বৎসরের জন্য চুক্তি করা হবে। সন্তোষজনক পারফরমেন্সের ভিত্তিতে উভয় পক্ষের সম্মতিক্রমে পরবর্তী ০২ (দুই) বৎসরের জন্য চুক্তির মেয়াদ বৃদ্ধি হতে পারে।
৮।	দরপত্র দলিলের মূল্য প্রতিটির জন্য	৳ ১,০০০.০০ (এক হাজার) টাকা (অফেরতযোগ্য)।
৯।	আনেষ্টম্যানি (ফেরতযোগ্য) প্রতিটি দরপত্রে অংশগ্রহণের জন্য	“মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড”-এর অনুকূলে ৳ ৭৫,০০০.০০ (পঁচাত্তর হাজার) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/ব্যাংক গ্যারান্টি।
১০।	দরপত্র দলিল বিক্রয়ের স্থান ও ঠিকানা	(ক) হিসাব বিভাগঃ মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর। (খ) হিসাব বিভাগ টাকা অফিসঃ মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড পেট্রোবাংলা (১৪তলা), পেট্রোসেন্টার, ঢাকা।
১১।	দরপত্র দলিল দাখিলের স্থান ও ঠিকানা	প্রধান অফিসঃ মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিঃ, মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।
১২।	দরপত্র দলিল বিক্রয়ের সময়সীমা	২২-০৬-২০১৬ পর্যন্ত (অফিস চলাকালীন সময়)। উভয় দরপত্রের জন্য প্রযোজ্য।
১৩।	দরপত্র দলিল দাখিলের শেষ তারিখ ও সময়	(ক) তারিখ : ২৩-০৬-২০১৬, সময় : বেলা ১১:০০ টা। (খ) তারিখ : ২৩-০৬-২০১৬, সময় : বেলা ১১:০০ টা।
১৪।	দরপত্র দলিল খোলার স্থান ও ঠিকানা	প্রধান অফিসঃ মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিঃ, মধ্যপাড়া, পার্বতীপুর, দিনাজপুর।
১৫।	দরপত্র খোলার তারিখ ও সময়	(ক) তারিখ : ২৩-০৬-২০১৬, সময় : বেলা ১১:০৫ টা। (খ) তারিখ : ২৩-০৬-২০১৬, সময় : বেলা ১২:০০ টা।
১৬।	দরপত্রদাতার যোগ্যতা (ক) সিএন্ডএফ এজেন্ট (খ) পরিবহন ঠিকাদার	(ক) দরপত্রদাতার আন্তর্জাতিক বিমানবন্দর, সমুদ্রবন্দর ও স্থলবন্দর- এর কাষ্টমস কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত বৈধ ও হালনাগাদ সিএন্ডএফ লাইসেন্সসহ সকল বন্দরের মাধ্যমে আমদানীকৃত মালামাল খালাস কাজে ন্যূনতম ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। এছাড়া দরদাতাগণকে বিগত ০৫ (পাঁচ) বছরে চট্টগ্রাম সমুদ্রবন্দর/বেনাপোল স্থলবন্দর ও হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর হইতে প্রতি বৎসর যথাক্রমে ন্যূনতম ৫,০০০ (পাঁচ হাজার) ও ১,০০০ (এক হাজার) মেট্রিক টন আমদানীকৃত মালামাল খালাসের বাস্তব অভিজ্ঞতা ও দরদাতাকে দরপত্রে উল্লিখিত অন্যান্য যোগ্যতাবলী থাকতে হবে। বিস্ফোরক দ্রব্য খালাসে সি এন্ড এফ এজেন্টের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। (খ) কোন সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহ অথবা কোন স্বনামধন্য বেসরকারী প্রতিষ্ঠানের মালামাল সড়কপথে কাভার্ড ভ্যান/ট্রেইলার/ট্রাকযোগে/সন্তোষজনকভাবে পরিবহন করার কাজে দরপত্রদাতার কমপক্ষে গত ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে। বিস্ফোরক দ্রব্য পরিবহনে অভিজ্ঞতা সম্পন্ন ঠিকাদারকে অগ্রাধিকার দেয়া হবে।
১৭।	বিশেষ বিনির্দেশনা : ক)	কর্তৃপক্ষ সর্বনিম্ন দর গ্রহণ করতে বাধ্য নহেন এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। খ) সিএন্ডএফ এজেন্ট এবং পরিবহন ঠিকাদার নিয়োগের জন্য পৃথক পৃথক দরপত্র ক্রয় এবং দাখিল করতে হবে। সিএন্ডএফ এজেন্ট এবং পরিবহন ঠিকাদার আলাদা আলাদা নিযুক্ত হবে। যদি কোন দরদাতা সিএন্ডএফ এবং পরিবহন কাজে সংশ্লিষ্ট থাকেন তবে তিনি উভয় দরপত্রে অংশ গ্রহণ করতে পারবেন। গ) দি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ (সংশোধনীসহ) এর প্রযোজ্য ধারাসমূহ অত্র দরপত্রে প্রতীপালিত হবে। ঘ) এই বিজ্ঞপ্তি খানি কোম্পানীর নিজস্ব ওয়েব-সাইট www.mgmcl.org.bd - তে দেখা যেতে পারে।


উপ-মহাব্যবস্থাপক (ইউজিএমএন্ডইএস/ক্রয়)